মৌখিক পরিক্ষার প্রেক্ষিতে এবং ২২.০৮.২০২৪ তারিখের নিয়োগ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ০৪ জন মহল্লাদারকে নিয়োগপত্র প্রদানের জন্য সুপারিশ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ০৪ জন মহল্লাদারকে নিয়োগপত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং নিয়োগপত্র প্রেরণ সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২১. প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরি তে লাইব্রেরিয়ান পদে কাজ করতে জনাব মোঃ ওসমান গনি, পিতা-মৃত রোজালী, মহল্লা- জাহাঙ্গীরপুর, ওয়ার্ড নং-০৭, মদন পৌরসভা গত ২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে সভায় আলোচনা হয় এবং সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরিতে মাসিক =১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা সম্মানী ভাতা করে 'লাইব্রেরিয়ান" পদে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামি ০১ অক্টোবর ২০২৪ তারিখ হতে দায়িত্ব পালন করার জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তিনি একজন সাবেক সরকারি চাকরিজীবী। তাই তার পি আর এল আগামী ২৫.০৯.২০২৫ খ্রি তারিখ শেষ হওয়ার পর থেকে সম্মানী ভাতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি ০১.১০.২০২৪ খ্রি. তারিখ হতে ২৫.০৯.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বিনা সম্মানীতে দায়িত্ব পালন করিবেন।

২২. প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | | | | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্পে ০৫ টি ব্রডব্যান্ড ইন্টার সংযোগ মাসিক ইন্টারনেট বিল | | | | ০৫,০০০/- |
| ২. | ডেঙ্গু মোকাবেলায় উপজেলা পরিষদের কমপ্লেক্স, কোর্ট বিল্ডিং অফিস, বাসা-বাড়ি ইত্যাদি চত্বর আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন করার শ্রমিক মুজুরী | | | | ২৫,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য ক্রুকারিজ মালামাল ক্রয়ের ব্যয় বিল | | | | ২৫,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদ চেয়রাম্যানের জীপগাড়ির জুন/২৪ হতে জুলাই/২৪ পর্যন্ত ২ মাসের জ্বালানী ব্যয় বিল | মোট | ভ্যাট | আয়কর | ৫০,২৮৮/- |
| | | ৪৫,৫১০/- | ৩,৪১৩/- | ১,৩৬৫/- | |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৮৬৯(৩১) তারিখঃ ২৬.০৯.২০২৪ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. চেয়ারম্যান (সকল).............................ইউপি, মদন, নেত্রকোণা
৩. বেগম.............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
৪. ভাইস চেয়ারম্যান/ ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

